5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

21.5-84

১০০,০০০·০০, এক লক্ষ টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা ।

******************************************

**ক্রেতা** :- শ্রী বিমল কুমার সাহা পিতা মৃত গৌর বিনোদ সাহা, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - ৩২, পরিশ নিয়োগী রোড, থানা - মানিকতলা, কলিকাতা - ৭০০ ০৬৭ ।

**বিক্রেতা** :- শ্রী অজয় কুমার চক্রবর্তী পিতা মৃত হেমন্ত কুমার চক্রবর্তী, জাতি হিন্দু, পেশা - চাকুরী, সাং - ২ ডি মোমিন স্ট্রীট কলিকাতা - ৭০০ ০২১, হাল সাং - কৃষ্ণপুর (ধুশীন জ্যোতি এভিনিউ, রবীন্দ্রপল্লী) থানা - রাজারহাট, জেলা উত্তর - ২৪ পরগণা ।

ক্রমা ......

497 Milan K. Saha

old do.

Harish [redacted]

Calcutta Collector

Treasury

12/4/89

AW. 10.000
1000
10

11010

Presented for ... April 1989

... Milan ... Chakraborty

Abhoy kumar Chakraborty

21-4-89

3257 Abhoy kumar Chakraborty

21-4-89

2

INDIA NON JUDICIAL

৫000রু. Rs 5000

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

॥ ২ ॥

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয়

কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :———

জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিস বিধাননগর পরগণা কলিকাতা স্থিত ২২৮।২২৯ নং তৌজি ভুক্ত মৌজা কৃষ্ণপুর গ্রামে হাল মালিক মহামান্য পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে পুরাণ সাবেক ৩৭০ নং খতিয়ান ভুক্ত ৫.২০ শতক জমিতে বার্ষিক ১৪.১০ পয়সা করের রায়ত মৌরুষী স্বত্বীয় জমিজমা যাহা রেকর্ডেট মালিক মানিক চন্দ্র ঘোষ মহাশয়ের নিজ নামিয় রেকর্ডীয় সম্পত্তি থাকে ।

উক্ত ....

No. 497
...id to Milan ... Saha
...
32 ... Road
...

Calcutta Colle...
Treasury
12/6/89

Treasurer

10,000
1,000
10
11010

21/6/89

1000Rs.




॥ ৩ ॥

উক্ত মানিক চন্দ্র ঘোষ মহাশয় উক্তজমি মালিকের করাদী আদায় পূর্বক নিজ খাসে ভোগদখল করতে থাকাকালে তাহারদুই কন্যা শ্রী মতী দেবনা ময়ী মল্লিক , শ্রী মতী কমলা রানী ঘোষ কে ও সহধর্মিনী স্ত্রী শ্রীমতী ঊর্মিলা বালা ঘোষ কে ওয়ারিশান ও উত্তরাধিকারী বর্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর তাহার ত্যাক্ত যাবতীয় সম্পত্তি উক্ত দুই কন্যা ও স্ত্রী সমঅংশে প্রাপ্ত হইয়া এজমালে ভোগদখল করিতে থাকাকালে হাল ৫৫২ নং খতিয়ান ভুক্ত জমি উক্ত দুই ভগ্নী ও তাহাদের মাতা উক্ত শ্রী মতী ঊর্মিলা বালা ঘোষ মহাশয়ার নাম বরাবর সমঅংশে রেকর্ড ভুক্ত হয় । উক্ত শ্রী মতী ঊর্মিলা বালা ঘোষ ও দুই কন্যা উক্ত খতিয়ান ভুক্ত জমি নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে উক্ত শ্রী মতী ঊর্মিলা বালা ঘোষ ও দুই কন্যা কে ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তি উক্তদুই কন্যা সমঅংশে

প্রাপ্ত ....

497

Calcutta Collector
Treasury

10.000
1000
10
11010

Additional Registrar of Assurances
...

10 Rs.

दस रुपये

भारत

INDIA

১০ রু.

10 Rs

TEN RUPEES

॥ ৪ ॥

প্ত হইয়া মালিকের করাদী আদায় পূর্ব্বক নিজ খাসে ভোগদখল করিতে থাকেন। আমি এই দলিলের বিক্রেতা-উক্তদ্বয়ই কন্যা অর্থাৎ শ্রী মতী দেবলা মৈত্রী মল্লিক ও শ্রী মতী কল্পনা রানী ঘোষ মহাশয়াদ্বয়ের নিকট হইতে তাহাদের প্রাপ্তীয় জমির মধ্যে উক্ত খতিয়ান ভুক্ত সাবেক ৫৫৭৩ নং হাল ৩৫৪৬ নং দাগে 'বি' প্লট ভুক্ত ৬ - ০ - ০' ছয় কাঠা জমি আমি বিগত ইংরাজী ২১।৪।১৯৬৬ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৫৬ নং ভল্যুমের ১৯৫ — ২১৮ নং পাতায় নকল কৃত ৩৬৩৮ নং এক কেতা রেজিষ্ট্রী কৃত সাফ কোবালা দলিল দ্বারা খরিদ করিয়া এযাবৎকাল মালিকের করাদী আদায় পূর্ব্বক নিজ খাসে ভোগবান ও মালিক দখলীকার নিযুক্ত আছি। যাহা দান, বিক্রয় করিবার আমার উক্ত স্বত্ব ও নিব্যূঢ় অধিকার বর্তমান আছে।

এক্ষণে নানা বিধ বৈধ সঙ্গত কারণে ~~অপসারনশত টাকার বিশেষ~~ প্রয়োজন দেখা দেওয়ায় উপরোক্ত রূপে খরিদা উক্ত সাবেক ৫৫৭৩ নং হাল ৩৫৪৬ নং দাগের জমির মধ্যে 'বি' প্লট ভুক্ত স্থানীয় মাপে কমবেশ ৬ — ০ — ০' ছয়

কাঠা ....

297 Milan Kr. Saha
324 Harish ...

Calcutta Collector
Treasury
17/4/89

Treasurer

2 ow 10,000
1000
10

11010

21/...

হয় কায় জমি এক নকশা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দিষ্ট করিয়া বিক্রয় করিবার ঘোষণা দিলে আপনি ক্রেতা তাহা জানিতে পারিয়া নিম্ন তপশীল বর্ণিত জমি খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় ও বাজার দর সর্বোচ্চ মূল্য মং ১০০,০০০, এক লক্ষ টাকা দিতে দিতে চাহিলে আমি বিক্রেতা তাহা অবগত হইয়া আপনার প্রস্তাবিত মূল্য সাব্যস্ত করিয়া নিম্ন তপশীল বর্ণিত জমির বাজার উচিৎ উক্ত মূল্য মং ১০০,০০০, এক লক্ষ টাকা আপনার নিকট হইতে নগদ গ্রহণ করিয়া এই সাফ কোবালা দলিল লিখিয়া দিয়া তপশীল বর্ণিত জমি হইতে আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান গণ ও স্থলাভিষিক্তগণ ক্রমে এক কালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও নিম্ন তপশীল বর্ণিত জমিতে আপনাকে খোলসা খাস দখল দিয়া দিলাম। ওনিম্ন তপশীল বর্ণিত জমিতে আমার যাহা কিছু হক হকিয়ৎ স্বত্ব স্বামিত্ব দখল অধিকার লাভ লভ্য ছিল বা আছে, তাহা অদ্য হইতে এই কোবালার বলে আমার হইতে রদ ও রহিত লোপ পাইয়া আপনার অনুকূলে নিব্যূঢ় স্বত্বে বর্তাইয়া হইল।

আপনি অদ্য হইতে আমার নিব্যূঢ় স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান জোতবান ও মালিক দখলীকার হইয়া মালিক দখলীকার হইয়া মালিক সরকারে নির্ধারিত করাদী ও পঞ্চায়েত অফিসের ট্যাক্সাদি নিয়মিত আদায় দিয়া আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন পূর্বক দান, বিক্রয় হস্তান্তরাদি ও সর্ব প্রকার রূপান্তরের ক্ষমতাযুক্ত মালিক হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে যদৃচ্ছা ব্যবহারে গৃহাদি নির্মাণে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি ওয়ারিশান গণ ক্রমে কস্মিন কালে কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করি কি কেহ করে, অথবা হইলে তৎসমুদয় দাবী এই কোবালার বলে সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইয়া এই সাফ কোবালা দলিল সর্বত্র সর্ব স্থানে সর্ব আদালতে [illegible]



বিক্রীত জমি আমি ইতিপূর্বে কাহাকেও দান, বিক্রয় বা অন্য কোনরূপ হস্তান্তর জনিত কার্য্য করিয়া রাখি নাই, বা ইতি পূর্বে কাহারও নিকট বায়নায় আবদ্ধ নাই, বা করি নাই, বা ইহা কোন খাজনা মোকর্দ্দমায় বিষয়ীভূত সম্পত্তি নহে, বা সরকার বাহাদুর কর্ত্তৃক কোন একুইজিশান, রিকুইজিশান হয় নাই, বা ঐ মর্ম্মে আমার উপর কোনরূপ নোটিশাদি জারি হয় নাই, বা উহা কোন দেবা সেবায় অর্পিত হয় নাই, বা ইহা কোন দেবোত্তর, পীরোত্তর বা ট্রাস্টভুক্ত সম্পত্তি নহে, বা ইহা কোন ব্যাঙ্ক বা সোসাইটিতে মর্টগেজ রাখিয়া কোনরূপ লোন গ্রহণ করি নাই, বা ইতিপূর্বে বিক্রয় করিবার চুক্তিতে কাহারও নিকট কোনপ্রকার দলিল দ্বারা আবদ্ধ রাখি নাই, বা ইহাতে আমার অপর কোন শরিক বা অংশীদার নাই, বা আমি কাহারও বেনামদার নহি, বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ মুক্তাবস্থায় আমার খাস দখলে থাকাকালে আপনার নিকট সাফ বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তি সমূহের কোনটি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পাইয়া আপনার খরিদা খাস স্বত্ব দখল ব্যবহারে কোনরূপ ক্ষয় ক্ষতি হয় বা খরিদা স্বত্ব এর কোন অংশ হইতে বেদখল হয়েন, তাহা হইলে আমি ওয়ারিশান গণ ক্রমে আপনার যাবতীয় ক্ষয় ক্ষতি পূরণ সহ মূল্যের সমুদয় টাকা ফেরত দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম। যদি আপোষে ফেরত না দিই, তাহা হইলে প্রচলিত আইন আমলে আসিব।

আরও প্রকাশ থাকে যে, উপরোক্ত উক্তির মধ্যে আমার কোনরূপ তঞ্চকতা হেতু আপনার খরিদা দলিলে ভুল ভ্রান্তি প্রকাশ পায়, তজ্জন্য ভ্রম সংশোধন দলিল বা পরিপূরক দলিল প্রয়োজন হয়, তাহা হইলে আমি ওয়ারিশান গণ ক্রমে আপনার খরচে বিনা পণ গ্রহণে ভ্রম সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিবেক।

আর......

॥ ৭ ॥


আর ও প্রকাশ থাকে যে, ভবিষ্যতে বিক্রীত সম্পত্তি সংক্রান্ত ব্যাপার লইয়া কোন মামলা মোকর্দ্দমা আদালতে দায়ের করে, বা আমার সাক্ষী জবানবন্দী দিবার বিশেষ প্রয়োজন হয়, তাহা হইলে আমি বিনা ওজরে আপনার ব্যয়ে যথাযথ সময়ে উপযুক্ত আদালতে বা সরকারী যে অফিসে উপস্থিত হইয়া সাক্ষী ও জবানবন্দী দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

বিক্রীত জমির এক নক্সা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া এই দলিলের সহিত দাখিল করিলাম। উক্ত নক্সা এই দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সজ্ঞানে অন্যের বিনানুরোধে এই সাফ কোবালা দলিল পাঠ করিয়া এবং দলিলের মর্ম্ম সমুহ সম্যক অবগত হইয়া ও এই দলিলে লিখিত মূল্যের সমুদয় মং ১০০,০০০, এক লক্ষ টাকা নিজ জায় মত এক কালীন নগদ গ্রহণ করিয়া এই সাফ কোবালা দলিলে সহি সম্পাদন করতঃ রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৯৬ সাল

<u>তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়ঃ—</u>

জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর পরগণা কলিকাতা স্থিত ২২৮।২২৯ নং তৌজি ভুক্ত মৌজা কৃষ্ণপুর গ্রামে জেঃ এলঃ নং ১৭, রেঃ সাঃ নং ১৮৩ পুকুরি আদেক ৬৭৪ নং দাগ [illegible] খতিয়ান ভুক্ত রায়ত মৌকরুরী স্থিতিবান সুত্রীয়।



দাগ নং সাবেক ৫৫৭৩ পঞ্চান্ন শত তিয়াত্তর ⎫
দাগ নং হাল ৩৫৪৬ পঁয়ত্রিশ শত ছেচল্লিশ ⎭ শালী -

জমির মধ্যে বি ' খুট উক্ত স্থানীয় মাপে কমবেশ ৬ – ০ – ০ ছয় কাঠা জমি যাহা অকর আওনাদি বর্ত্তমান ইজমেন্ট রাইট সহ এই কোবালার বিক্রীত স্বত্ব। যাহার বার্ষিক হারাহারী খাজনা ৬৩ পয়সা করের জমি এক নকশা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া এই দলিলের সহিত দাখিল করিলাম। উক্ত নকশা এই দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে। আমার খরিদা দলিল খানি আপনাকে বুঝাইয়া দিলাম।

যাহার চৌহদ্দি :—

উত্তরে :- হাল ৩৫৪৭ নং দাগের জমি।

দক্ষিণে :- হাল ৩৬১২ নং দাগের জমি ও অরবিন্দ সামন্ত।

পূর্ব্বে :- হাল ৩৫৫০ নং দাগের জমি ও শ্রী জয়শঙ্কর পাল।

পশ্চিমে :- হাল ৩৫৪৬ নং দাগের জমি ও বিশ্বরঞ্জন সরকার।

টাকার ...

Additional District Sub-Registrar

॥ ৬ ॥

টাকার জমা :—

১০০, টাকার নোট ১০০০ খানা নোটে এক হাজার নোট মোট—
১০০০০০, এক লক্ষ টাকা মাত্র—

Abhoy Kumar Chakraborty

Abhoy Kumar Chakraborty

দলিল প্রস্তুত কারক —
শ্রী নকীকান্ত নস্কর
শ্রী নকীকান্ত নস্কর
সাং পাথরঘাটা,
থানা রাজারহাট,
এল.সি.নং XI - ৫.

টাইপ কারক —
শ্রী বাটুল চন্দ্র নস্কর
শ্রী বাটুল চন্দ্র নস্কর
রুক্মণী রাঁ চেম্বার।

ইসাদী ——
১। শ্রী রবীন্দ্র নাথ চক্রবর্তী
বারোয়ারীতলা, কৃষ্ণপুর
২। শ্রী [illegible]
কৃষ্ণপুর

01.2

487

6696

3134

89

21.4.89

Additional District Sub-Registrar,
[illegible]

7.9.89

## RECTIFIED SITE PLAN OF LAND


AT MOUZA :- KRISHNAPUR J.L. 17. R.S.NO-180
TOUZI NO:- 228/229. C.S.DAG NO:- 5573 (P)
C.S. KHATIAN NO:- 670.
R.S.DAG NO:- 3546 (P) R.S. KHATIAN NO:- 552
P.S.-RAJARHAT DIST:- NORTH 24 PARGANAS
UNDER RAJARHAT-GOPALPUR MUNICIPALITY
WARD NO-24

DRAWN AS PER PHYSICAL POSSESSION
AREA SHOWN IN RED BORDERED

SCALE:- 20'0"=1"

| | | |
|---|---|---|
| AREA OF LAND :- NET AREA :- | | 4K.15CH.37 S.FT(APP.) |
| NORTH SIDE PASSAGE AREA :- | | 0K.08CH.00 S.FT. |
| SOUTH SIDE PASSAGE AREA :- | | 0K.08CH.08 S.FT. |
| | TOTAL AREA OF LAND :- | 6K.00CH.00 S.FT. |

SOLD TO :- BIMAL KUMAR SAHA. SOLD BY :- ABHOY KUMAR CHAKRABARTY



DATED THIS THE DAY OF 2024.

B E T W E E N

SRI OM PRAKASH AGARWAL & ORS.

DONORS.

A N D

SRI RAJESH AGARWAL

DONEE.

DEED OF GIFT

DRAFTED BY :

SRI AMIT KUMAR BHATTACHARJEE
ADVOCATE,
SEALDAH CIVIL COURT,
KOLKATA - 700 014.